

নিবেদন

বাংলার একজন শ্রেষ্ঠ কথা-সাহিত্যিক এবার নিরুপমা বর্ষ-স্মৃতির ভূমিকা নিবিধা দিবেন বলিয়া প্রতিশ্রুত ছিলেন কিন্তু পুস্তক প্রকাশের ২৪ ঘণ্টা আগেও যখন তাহা আসিয়া পৌছিল না তখন এই শ্রদ্ধা-নিবেদনের ভার পূর্ববৎ আমাকেই লইতে হইল।

বাংলার যে সব কবি, কথাশিল্পী ও চিত্র-শিল্পী স্বতঃপ্রবৃত্ত হইয়া নিরুপমা বর্ষ-স্মৃতির ত্রী, সৌষ্ঠব ও সম্পদ বৃদ্ধি করিবার জন্ত নিঃস্বার্থভাবে ও অকুণ্ঠিত চিত্তে সাহায্য করিয়াছেন— তাঁহারা এই পুস্তকের প্রাপ্য প্রশংসার প্রথম অধিকারী কারণ তাঁহাদের সাহায্য ব্যতীত এরূপ বহুৎ ব্যাপারের অন্তর্ধান কখনই সম্ভবপর হইত না।

তারপর যদি কিছু প্রশংসার দাবী করিতে পারেন তো সে বেঙ্গল পারফিউমারীর উদ্বোধনগণ; যাহারা বাঙ্গলার সাহিত্যে, চিত্রে ও মূদ্রণ শিল্পে একটা যুগান্তর আনিতে সমর্থ হইয়াছেন কারণ নিরুপমা বর্ষ-স্মৃতি লোকলোচনের সমক্ষে আসিবার পূর্বে এ শ্রেণীর পুস্তক আর ছিল না। অধিক অর্থ ব্যয় করিয়া স্বল্পমা পুস্তক প্রকাশ করিতে, আজ আব যে পুস্তক-ব্যবসায়ীগণ দ্বিধা বোধ করেন না তাহা এই নিরুপমা-বর্ষস্মৃতিরই কল্যাণে। বাঙ্গালী পাঠকের নিকট বাঙলা পুস্তকের মর্যাদা আজ যে অসাধারণ ভাবে বাড়িয়াছে সে জন্ত নিরুপমা বর্ষ-স্মৃতির প্রকাশকগণই মুখ্যভাবে না হৌন, গৌণ ভাবে যে প্রশংসার তাহাতে সন্দেহ নাই।

এবারে হিমালী প্রেসেই পুস্তকের সমস্ত চিত্রাদি মুদ্রিত হইয়াছে, ফলে পুস্তকের সৌন্দর্য্য যে পূর্বাপেক্ষা অনেক বৃদ্ধিত হইয়াছে তাহাতে দুই মত নাই।

এত যত্ন, এত কষ্ট করিয়া যাহাদের জন্ত ইহা প্রকাশিত হইল তাঁহারা ইহার যোগ্য সমাদর করিলেই আমরা পরম পুলকিত হইব ও আগামী বাবে যাহাতে ইহার আবও উন্নতি করিতে পারি তজ্জন্ত সচেষ্ট রহিব।

এ বৎসর পুস্তকের বহু বর্ণ চিত্রের সংখ্যা বাড়িয়াছে, ফর্ম্মাও দু'চারটা বাড়িয়াছে তথাপি মূল্য বৃদ্ধি করা হয় নাই।

কলিকাতা ২ই আশ্বিন, সোমবার।

শারদীয়া ১৩৩৪।

}

বিনীত

সম্পাদক

